

ফাতওয়া নাম্বার: ৩১৮

প্রকাশকাল: ০২-০১-২০২৩ ইং

প্রবল বৃষ্টির সময় কি ঘরে নামায পড়ার অবকাশ আছে?

প্রশ্ন:

বৃষ্টির কারণে মসজিদে না গিয়ে ঘরে নামায আদায় করার কি অবকাশ আছে?

উত্তর:

যদি বৃষ্টির কারণে মসজিদে যাওয়া কষ্টসাধ্য হয়; তাহলে ঘরে নামায আদায় করার অনুমতি আছে। প্রখ্যাত তাবেয়ী নাফে' (রহ) বর্ণনা করেন,

أن ابن عمر، أذن بالصلاة في ليلة ذات برد وريح، ثم قال: ألا صلوا في الرحال، ثم قال: إن رسول الله صلى الله عليه وسلم كان يأمر المؤذن إذا كانت ليلة ذات برد ومطر، يقول: «ألا صلوا في الرحال». - رواه البخاري 666 و مسلم: 697 و مؤطاً مالك: 64 و النسائي: 654 و أبو داؤد: 1062

“আব্দুল্লাহ ইবনে ওমর (রাযি) এক ঠাণ্ডা-ঝড়ের রাতে নামাযের আযান দিলেন এবং বললেন, তোমরা তোমাদের তাবুতে নামায আদায় করে নাও। অতঃপর বললেন, ‘রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঝড়-বৃষ্টির রাতে মুয়াজ্জিনকে নির্দেশ দিতেন, মানুষকে বলে দাও, তোমরা নিজেদের তাবুতে নামায আদায় করে নাও।’” -সহীহ বুখারী: ৬৬৬

আরেকটি হাদীসে এসেছে,

عَنْ جَابِرٍ، قَالَ: خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَفَرٍ، فَمُطِرْنَا، فَقَالَ: «لِيُصَلَّ مَنْ شَاءَ مِنْكُمْ فِي رَحْلِهِ». رواه مسلم: 698

“জাবের (রাযি) বর্ণনা করেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে এক সফরে বের হলাম এবং বৃষ্টির কবলে পড়লাম।

তিনি বললেন, ‘তোমাদের কারো ইচ্ছে হলে নিজের তাবুতে নামায আদায় করে নিতে পারো’।” —সহীহ মুসলিম: ৬৯৮; মুওয়াত্হা মুহাম্মাদ: ১/২৮৪; ফতোয়া হিন্দিয়া: ১/৮৩; ফাতহুল কাদীর: ১/৩৪৫; মুহীতে বুরহানী: ১/৪২৮; ই’ লাউস সুনান: ৩/১২৪৯; ফতোয়া শামী: ১/৫৫৫; আল-ইস্তিযকার: ১/৪০১; আত-তাজু ওয়াল ইকলীল: ২/২৭১; আত-তাবসিরা লিল লাখমী: ৩/৪৪৩; ফাতহুল বারী লি ইবনে রজব: ৬/৮৪; কিতাবুল উম: ১/১৮১; রওজাতুত ত্বালিবীন: ১/৩৪৪; আল-জামে লি উলূমী ইমাম আহমাদ: ৬/২৭০; আল-কাফী: ১/২৮৮

অবশ্য ঘরে নামায আদায়ের ক্ষেত্রে পরিবারকে নিয়ে জামাতের সঙ্গে আদায় করা ভালো। আবু বাকরাহ (রাযি) বর্ণনা করেন,

أن رسول الله صلى الله عليه وسلم «أقبل من نواحي المدينة يريد الصلاة، فوجد الناس قد صلوا، فمال إلى منزله، فجمع أهله، فصلى بهم». رواه الطبراني في الأوسط (4601) قال الحيثمي في مجمع الزوائد: و رجاله ثقات.

“রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামাযের উদ্দেশ্যে মদিনার প্রান্ত থেকে এসে দেখলেন, লোকেরা নামায আদায় করে নিয়েছে। তিনি ঘরে গিয়ে পরিবারের লোকদের জমা করলেন এবং তাদের নিয়ে জামাতের সঙ্গে নামায আদায় করলেন।” -তবারানী, মুজামে আওসাত: ৪৬০১

والله سبحانه وتعالى أعلم

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৭-০৫-১৪৪৪ হি.

০২-১১-২০২২ ঈ.

